

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

এস. আর. ও. নং আইন /২০২১।- বীমা আইন, ২০১০ এর ধারা ৮৬ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:—

১। শিরোনাম ও প্রবর্তন।— (১) এই প্রবিধানমালা বীমাকারীর গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধীন মনোনয়ন প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ২(১০) এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(গ) “সদস্য” অর্থ গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধীনে, কোন প্রতিষ্ঠানের নিয়োগকৃত কর্মকর্তা/কর্মচারী/গ্রাহক বা অ্যাফিনিটি গ্রুপের সদস্য (অর্থাৎ ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা এনজিও এর এ্যাকাউন্টহোল্ডার, ঋণগ্রহীতা, এসোসিয়েশন, সোসাইটি, সমিতি ইত্যাদির সদস্য) ও তাহাদের পরিবারের সদস্য বা সদস্যগণকে বুঝাইবে।

(২) এই প্রবিধানমালায় যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির জন্য মনোনয়ন পদ্ধতি।— (১) গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধিভুক্ত সদস্য যেই প্রতিষ্ঠানে কর্মরত বা অ্যাফিনিটি গ্রুপের ক্ষেত্রে যেই প্রতিষ্ঠানের সদস্য সেই প্রতিষ্ঠান বা তাহার এক বা একাধিক নিকট আত্মীয় (পিতা বা মাতা বা স্বামী বা স্ত্রী বা সন্তান বা বিশেষ ক্ষেত্রে পলিসির অধিভুক্ত সদস্য কর্তৃক বিবেচিত অন্য যেকোন ব্যক্তি) কে মনোনীতক নিযুক্ত করিতে পারিবেন।

(২) যেই প্রতিষ্ঠানে কর্মরত বা যেই অ্যাফিনিটি গ্রুপের অধিভুক্ত সদস্য সেই প্রতিষ্ঠান ব্যতিরেকে এক বা একাধিক নিকট আত্মীয়কে মনোনয়ন করিতে চাহিলে তফসিল-১ এ নির্ধারিত ফরম পূরণ করিতে হইবে যাহা বীমাকৃত প্রতিষ্ঠানের নিকট রক্ষিত থাকিবে।

(৩) গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধিভুক্ত সদস্যের মৃত্যু হইলে বীমাকারী পলিসির শর্তানুযায়ী বীমাকৃত প্রতিষ্ঠান বা মৃত ব্যক্তি কর্তৃক নিযুক্ত মনোনীতক(গণ) কে বীমাকৃত প্রতিষ্ঠানের প্রত্যয়ন সাপেক্ষে পলিসির অধীনে বর্ণিত সুবিধাদি প্রদান করিবে।

(৪) যদি এমন অবস্থার সৃষ্টি হয় যে, গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধিভুক্ত সদস্যের মৃত্যুর সময়ে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ জীবিত না থাকিলে উত্তরাধিকার আইন অনুযায়ী সদস্যের বৈধ উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণকে পলিসির অধীনে বর্ণিত সুবিধাদি প্রদান করা হইবে।


(৫) গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধিভুক্ত কোন সদস্য তাহার পলিসির মনোনয়ন বাতিল বা নতুন মনোনয়ন করিতে চাহিলে বীমাকৃত প্রতিষ্ঠানের মাধ্যমে বীমাকারীর নিকট আবেদন করিতে হইবে।

(৬) গোষ্ঠী লাইফ ইস্যুরেন্স পলিসির অধিভুক্ত সদস্যের মৃত্যু হইলে মনোনীত ব্যক্তি(গণ) অন্য সকল ব্যক্তির উপর অগ্রাধিকার পাইবেন।

(৭) মনোনীতক(গণ) অপ্রাপ্তবয়স্ক হইলে মনোনয়নের ক্ষেত্রে অভিভাবক নিযুক্ত করিয়া মনোনয়ন করিতে হইবে।

(৮) গোষ্ঠী বীমার অনুকূলে স্বত্ব নিয়োগ করা যাইবে না।

কর্তৃপক্ষের সাদেশক্রমে


২১/১১/২০২১

ড. এম. মোশাররফ হোসেন, এফসিএ

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ